

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
০১ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

স্পোর্টস ডেস্ক

শেখ সাব্বির আহম্মেদ এর মৃত্যুতে শোক

আমরা গভীরভাবে শোকাভিভূত যে, জাতীয় দলের হ্যাণ্ডবল খেলোয়াড়, বাংলাদেশ হ্যাণ্ডবল ফেডারেশনের প্রাক্তন কার্যনির্বাহী সদস্য, নারিন্দা প্রগতি বয়েজ ক্লাবের সাধারণ সম্পাদক ও সহ-সভাপতি বিশিষ্ট ক্রীড়া সংগঠক শেখ সাব্বির আহম্মেদ আজ শুক্রবার (০১ মার্চ ২০১৯ তারিখ) দুপুর অনুমানিক ১:৩০ ঘটিকায় দূরারোগ্য ব্যধিতে চিকিৎসারত অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নাল্লাহে.....রাজেউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫২ বছর। তিনি ৩ ছেলে, ২ মেয়ে ও স্ত্রী সহ বহু গুণগ্রাহী রেখে গেছেন। আজ বাদ মাগরিব নারিন্দাস্থ শাহ সাহেব বাড়ি জামে মসজিদে মরহুমের নামাজে জানাযা শেষে মাতুয়াইলের কোনাপাড়া কবর স্থানে দাফন করা হবে।

তাঁর আকস্মিক মৃত্যুতে বাংলাদেশ হ্যাণ্ডবল ফেডারেশনের সভাপতি, সহ-সভাপতিগণ, সাধারণ সম্পাদক, সহকারী সাধারণ সম্পাদকগণ, কার্যনির্বাহী সদস্যবৃন্দ, সর্বস্তরের ক্রীড়ামোদীগণ ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ গভীরভাবে শোকাহত এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মরহুমের শোক সন্তাপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

মহান আল্লাহ রাব্বুল আল-আমীন মরহুমের পরিবারের সদস্যদের এই শোক কাটিয়ে উঠার তওফিক দান করুন (আমীন)।

(এস.এম. খালেকুজ্জামান স্বপন)
সহকারী সাধারণ সম্পাদক
বাংলাদেশ হ্যাণ্ডবল ফেডারেশন।